দৈনিক
ইত্তেফাক

তারিখ ১৫ OCT 2015
পৃষ্ঠা ৩ কলাম ১

# ঢাকা বিশ্ববিদ্যালয় শোক দিবস আজ

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

আজ ঢাকা বিশ্ববিদ্যালয় শোক দিবস। ১৯৮৫ সালের এইদিন রাতেরবেলায় বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হলে সংঘটিত মর্মান্তিক দুর্ঘটনায় যে সকল ছাত্র, কর্মচারী ও অতিথি নিহত হয়েছেন তাঁদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদনের জন্য দিবসটি পালন করা হবে।

এ উপলক্ষে নানা কর্মসূচি গ্রহণ করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এর মধ্যে রয়েছে-সকাল ৬টায় বিশ্ববিদ্যালয়ের সকল হল ও প্রধান প্রধান ভবনে কালো পতাকা উত্তোলন, বিশ্ববিদ্যালয়ের পতাকা অর্ধনমিত রাখা, ও কালো ব্যাজ ধারণ, সকাল সাড়ে ৭টায় অপরাজেয় বাংলার পাদদেশ থেকে শোক মিছিল সহকারে ছাত্র-শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের জগন্নাথ হল স্মৃতিসৌধে গমন, পুষ্পস্তবক অর্পণ ও নীরবতা পালন, সকাল ৮টা থেকে ৯টা পর্যন্ত অক্টোবর স্মৃতি ভবনস্থ টিভি কক্ষে আলোচনা সভা, ৯টা থেকে ১০টা হিন্দু, বৌদ্ধ ও খ্রিষ্টানদের প্রার্থনা সভা; বাদ আছর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদ মসজিদুল জামিআসহ বিভিন্ন হলের মসজিদে নিহতদের আত্মার মাগফেরাত কামনা করে মোনাজাত, সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত জগন্নাথ হল প্রশাসনের ব্যবস্থাপনায় নিহতদের তৈলচিত্র ও তৎসম্পর্কিত দ্রব্যাদি প্রদর্শনী, সকালে জগন্নাথ হল প্রাঙ্গণে রক্তদান কর্মসূচি।

এছাড়া শোক দিবসের কর্মসূচির অংশ হিসেবে সন্ধ্যা সাড়ে ৬টায় জগন্নাথ হল উপাসনালয়ে ভক্তিমূলক গানের অনুষ্ঠান, শোক সঙ্গীত ও কবিতা আবৃত্তি অনুষ্ঠিত হবে। এদিকে শোক দিবস উপলক্ষে গত ১২ অক্টোবর জগন্নাথ হল খেলার মাঠে 'অক্টোবর স্মৃতি ফুটবল টুর্নামেন্ট'-এর উদ্বোধন করেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন। এই টুর্নামেন্ট আগামী ৩১ অক্টোবর তারিখের মধ্যে সম্পন্ন হবে।